08-05-2023

## প্রশিক্ষণ মাস: মে ২০২৩

# “আঞ্চলিক/মাঠপর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়ণ, বাস্তবায়ন ও মূল্যায়ন  সংক্রান্ত প্রশিক্ষণ”

**উপস্থাপনায়ঃ**
শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক কার্যালয়
তোপখানা, সিলেট
মোবাইলঃ ০১৭৭৭-৪০০-৯৫৯
ই-মেইলঃ ashaheen11921@gmail.com
uddsylhet@yahoo.com  sps@udd.gov.bd



Content: Collected

# উপস্থাপনার রুপরেখা

১। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়ণের প্রেক্ষাপট

২। কার্যক্রমসমুহ

৩। কার্যক্রম ১: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

১.১ নৈতিকতা কমিটির সভা

১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন

১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)

৪। কার্যক্রম ২: ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার

৫। কার্যক্রম ৩:  শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম (অগ্রাধিকার ভিত্তিতে ১ নং সহ ন্যুনতম ৪ টি কার্যক্রম)

৬। নমুনা কাঠামো

৭। সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩

৮। প্রশ্নোত্তর

# প্রেক্ষাপট

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা।
- এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে।
- ২০১৬-২০১৭ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে আসছে।
- ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবারের মত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে প্রাথমিকভাবে মূল্যায়ন কার্যক্রম শুরু হয়।
- এর ধারাবাহিকতায় ২০২২-২৩ অর্থবছরেও শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে।

# কার্যক্রমসমুহ

শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৩ (তিন) টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে:

**১। প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**

**২। ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার**

**৩। শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** এই:

# কার্যক্রম **১: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**

**প্রাতিষ্ঠানিক ব্যবস্থার আওতায় ৫ (পাঁচ)টি কার্যক্রম নির্ধারণ করা হয়েছে:**

১.১ নৈতিকতা কমিটির সভা

১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন

১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)

## ১.১ নৈতিকতা কমিটির সভা

**কর্মপদ্ধতি:** নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে সভার আলোচ্যসূচি নির্ধারণ করতে হবে। কমিটির কার্যপরিধি অনুযায়ী সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এসকল বিষয় এজেন্ডাভুক্ত করে সভা আয়োজন করতে হবে। সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করতে হবে। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.১ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখপূর্বক ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, প্রতি বিলম্বিত সভার জন্য ০.০৫ নম্বর কর্তন হবে।

**প্রমাণক:** নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

## ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

**কর্মপদ্ধতি:** নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারণ করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.২ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে প্রতি কোয়ার্টারে অনুষ্ঠেয় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার পৃথকভাবে প্রতি কোয়ার্টারে (৮-১১ কলামসমূহে) উল্লেখ করতে হবে। কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। উল্লেখ্য, মূল্যায়নের সময় নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ওপর বেশি গুরুত্ব দেয়া হবে। সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করে নম্বর প্রদান করা হবে।

**প্রমাণক:** নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

## ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

**কর্মপদ্ধতি:**আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের উদ্যোগে অংশীজনের অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে এবং ১.৩ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে এর লক্ষ্যমাত্রা উল্লেখ করতে হবে এবং ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, অংশীজন (stakeholder) বলতে স্ব স্ব আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে। অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ৪ টি সভা করতে হবে। এ সভায় আবশ্যিকভাবে সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। অংশীজনের সভায় আবশ্যিকভাবে সেবাগ্রহীতার উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।

**প্রমাণক:** অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী এবং হাজিরা।

## ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন

**কর্মপদ্ধতি:**নিজ কার্যালয় এবং আওতাশীন কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.৪ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে। ৮-১১ কলামসমূহে প্রযোজ্য কোয়ার্টারে উক্ত লক্ষ্যমাত্রা প্রদর্শন করতে হবে। কর্মকর্তা কর্মচারির সংখ্যার উপর নির্ভর করবে কতটি ব্যাচে প্রশিক্ষণ আয়োজন করা হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** লক্ষ্যমাত্রার বিপরীতে সকল কর্মকর্তা/কর্মচারিকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।

**প্রমাণক:** প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি।

## ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)

**কর্মপদ্ধতি:** আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়সমূহ স্ব স্ব কার্যালয়ে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমন: টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করবে। কার্যক্রমের সংখ্যা ও সম্পন্ন করার তারিখ নির্ধারণ করে লক্ষ্যমাত্রা ১.৫ ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে এবং ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে। ২০২২-২৩ অর্থবছরে প্রত্যেক কার্যালয় কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমপক্ষে ২ টি কার্যক্রম গ্রহণ করবে। উল্লেখ্য, কর্ম-পরিকল্পনা প্রেরণের সময় নির্বাচিত কার্যক্রমের নাম, বাস্তবায়ন প্রক্রিয়া ও প্রমাণক হিসাবে কি সরবরাহ করা হবে তার বিবরণ পৃথক সংযুক্তিতে দিতে হবে।

**সংযুক্তি নিম্নরূপ হবেঃ**

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | বাস্তবায়ন প্রক্রিয়া | প্রমাণক হিসাবে যা থাকবে |
|---|---|---|---|
| | | | |
| | | | |

**মূল্যায়ন পদ্ধতি:** ২০২২-২৩ অর্থবছরে গৃহীত কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের সংখ্যা ও কার্যক্রম সম্পন্ন করার তারিখের লক্ষ্যমাত্রা অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।

**প্রমাণক:** ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র, অকেজো মালামাল নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির সভার কার্যবিবরণী, নথি বিনষ্টকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটির সভার কার্যবিবরণী, প্রযোজ্য ক্ষেত্রে ছবি ও অন্যান্য প্রমাণক।

# কার্যক্রম **২: ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার**

## ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ

**কর্মপদ্ধতি:**পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী সরকারের রাজস্ব বাজেটের অধীনে কোন ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে ক্রয়কারী প্রতিষ্ঠান অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করবে এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ।

**মুল্যায়ন পদ্ধতি:** ২০২২-২৩ অর্থবছরের প্রারম্ভে লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। নির্ধারিত তারিখের মধ্যে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে না পারলে কোন নম্বর পাওয়া যাবে না।

**প্রমাণক:** অফিস আদেশ ও স্ব স্ব ওয়েবসাইট।

## কার্যক্রম ৩: শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম (অগ্রাধিকার ভিত্তিতে ১ নং সহ ন্যুনতম ৪ টি কার্যক্রম)

### ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণঃ

**কর্মপদ্ধতি:**সংশ্লিষ্ট কার্যালয় থেকে যে সকল সেবা প্রদান করা হয় সে সকল সেবা যারা গ্রহণ করছেন সেই সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। রেজিষ্টারে সেবার মান সম্পর্কে মতামত দেয়ার জন্য সেবাগ্রহীতাদের উদ্বুদ্ধ করতে হবে।

এ ছাড়াও শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক আরও ৩ টি কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করতে হবে এবং বাস্তবায়ন করতে হবে।

**মূল্যায়ন পদ্ধতি:** সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক গৃহীত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে পারলে শতভাগ নম্বর পাওয়া যাবে।

**প্রমাণক:** স্ব স্ব ওয়েবসাইট, পত্র, নোটিশ, ছবি, ভিডিও বা কার্যক্রম সংশ্লিষ্ট যেকোন প্রমাণক

# নমুনা কাঠামো

**আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩**

**আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম:**

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নেরদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**……………………………………..... | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি | উন্নত কর্ম-পরিবেশ | ৩ | সংখ্যা ও তারিখ | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

# নমুনা কাঠামো....চলমান



| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার**.............................................................................. | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩. **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**...................(অগ্রাধিকার ভিত্তিতে ১ নংসহ ন্যুনতম ৪ টি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.২ | | ৮ | | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ | | ৮ | | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৪ | | ৮ | | | | লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

বি:দ্র:- কোন ক্রমিকের কার্যক্রম প্রযোজ্য না হলে তার কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

# সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩

## সংযোজনী ৫:

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩
নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………১৫** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | আয়োজিত | ২ | সংখ্যা | নৈতিকতা কমিটি | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ৪ | | |
| | | | | | | অর্জন | - | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ৮০% | লক্ষ্যমাত্রা | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | ৪ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ২ | লক্ষ্যমাত্রা | - | ১ | - | ১ | ২ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | উন্নত কর্মপরিবেশ | ৩ | সংখ্যা ও তারিখ | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ৪ | লক্ষ্যমাত্রা | ১ (৩০ সেপ্টেম্বর ২০২২) | ১ (৩১ ডিসেম্বর ২০২২) | ১ (৩১ মার্চ ২০২৩) | ১ ( ৩০ জুন ২০২৩) | ৪ (লক্ষ্যমাত্রার তারিখসমূহ) | | |
| ১.৫.১ কোভিডকালীন স্বাস্থ্যবিধি অনুসরণ | স্বাস্থ্যবিধি অনুসৃত | ১.৫ | | | | অর্জন | | | | | | | |
| ১.৫.২ পরিষ্কার-পরিচ্ছন্নতাকরণের সংখ্যা | পরিচ্ছন্ন অফিস | ১.৫ | | | | অর্জন | | | | | | | |

# সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩.... চলমান

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| বৃদ্ধি | | | | | | | | | | | | | |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার................................৩** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ৩১/০৭/২০২২ | লক্ষ্যমাত্রা | ৩১/০৭/২০২২ | - | - | - | ৩১/০৭/২০২২ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম……………..৩২ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম চারটি কার্যক্রম)** | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত সংরক্ষণ | রেজিস্ট্রার হালনাগাদকৃত | ৮ | তারিখ | সিনিয়র প্ল্যানার | প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহ | লক্ষ্যমাত্রা | ৩০ সেপ্টেম্বর-২০২২ | ৩১ ডিসেম্বর-২০২২ | ৩১ মার্চ-২০২৩ | ৩০ জুন-২০২৩ | লক্ষ্য মাত্রার তারিখ সমুহ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.২ সরকারী ক্রয় সংক্রান্ত সকল তথ্য বাতায়নের ওয়েবসাইটে প্রকাশ | ক্রয় সংক্রান্ত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | ৮ | তারিখ | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | প্রতি কোয়ার্টারের শেষ সপ্তাহ | লক্ষ্যমাত্রা | ৩০ সেপ্টেম্বর-২০২২ | ৩১ ডিসেম্বর-২০২২ | ৩১ মার্চ-২০২৩ | ৩০ জুন-২০২৩ | লক্ষ্য মাত্রার তারিখ সমুহ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ অনাপত্তি ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সাইট ভিজিট সম্পর্কিত তথ্যাদি প্রত্যাশী সংস্থাকে অবহিতকরণ | | ৮ | % | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ১০০ | লক্ষ্যমাত্রা | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | |
| ৩.৩.১ সাইট ভিজিট এর দিনক্ষণ প্রত্যাশী সংস্থাকে ই-মেইলে জানানো ও সহযোগীতা চাওয়া | ই-মেইলকৃত | ৩ | | | ১০০ | অর্জন | | | | | | | |
| ৩.৩.২ সাইট ভিজিট রিপোর্ট কেন্দ্রীয় দপ্তরে প্রেরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও ঠিকানা প্রত্যাশী সংস্থাকে ই-মেইলে জানানো | ই-মেইলকৃত | ৩ | | | ১০০ | অর্জন | | | | | | | |

# সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩.... চলমান

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ - | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ৩.৩.৩ পরিদর্শন প্রতিবেদন তথ্য বাতায়নে আপলোডকরণ | পরিদর্শন প্রতিবেদন আপলোডকৃত | ২ | | | ১০০ | অর্জন | | | | | | | |
| ৩.৪ সেবা সপ্তাহ পালন | সেবা সপ্তাহ উদযাপিত | ৮ | তারিখ | সিনিয়র প্ল্যানার, আঞ্চলিক অফিস | ২৬-৩০ মার্চ ২০২৩ | লক্ষ্যমাত্রা | - | - | ২৬-৩০ মার্চ ২০২৩ | - | ২৬-৩০ মার্চ ২০২৩ | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

Shaheen Ahmed 21/07/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সিলেট আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩.... চলমান

সংযুক্তি-০১:

১.৫ কর্মপরিবেশ উন্নয়ন

| ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের উপায় | প্রমাণক |
|---|---|---|---|
| ১.৫.১ | কোভিডকালীন স্বাস্থ্যবিধি অনুসরণ | ১) মাস্ক পড়া নিশ্চিতকরণ<br>২) স্যানিটাইজেশনের ব্যবস্থাকরণ<br>৩) অফিস এরিয়া জীবাণুমুক্তকরণ | ১. প্রতিবেদন<br>২. ছবি |
| ১.৫.২ | পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি | ১) অফিস স্পেস নিয়মিত পরিস্কার ও জীবাণুমুক্তকরণ নিশ্চিতকরণ<br>২) টয়লেট নিয়মিত পরিস্কারকরণ নিশ্চিতকরণ | ১. প্রতিবেদন<br>২. ছবি |

৩.৩ অনাপত্তি ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সাইট ভিজিট সম্পর্কিত তথ্যাদি প্রত্যাশী সংস্থাকে অবহিতকরণ

| ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের উপায় | প্রমাণক |
|---|---|---|---|
| ৩.৩.১ | সাইট ভিজিট এর দিনক্ষণ প্রত্যাশী সংস্থাকে ই-মেইলে জানানো ও সহযোগীতা চাওয়া | ১) ই-মেইল করা নিশ্চিতকরণ<br>২) প্রযোজ্য ক্ষেত্রে মোবাইলে ফোন করা | ই-মেইলের কপি |
| ৩.৩.২ | সাইট ভিজিট রিপোর্ট কেন্দ্রীয় দপ্তরে প্রেরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও ঠিকানা প্রত্যাশী সংস্থাকে ই-মেইলে জানানো | ১) ই-মেইল করা নিশ্চিতকরণ<br>২) প্রযোজ্য ক্ষেত্রে মোবাইলে ফোন করা | ই-মেইলের কপি |
| ৩.৩.৩ | পরিদর্শন প্রতিবেদন তথ্য বাতায়নে আপলোডকরণ | ১) তথ্য বাতায়নে আপলোড করা | পরিদর্শন প্রতিবেদন তথ্য বাতায়নে আপলোডের ছবি |

# কৃতজ্ঞতা স্বীকারঃ

আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল
কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩

মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রশ্ন??????????



# THANKS for listening……